



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৩৪৬/২, ঢোলাদিয়া রোড(কাঠগোলা বাজার), ময়মনসিংহ।

ফোন : ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭,

E-mail : [chairmanbisemym@gmail.com](mailto:chairmanbisemym@gmail.com),

[www.mymensingheducationboard.gov.bd](http://www.mymensingheducationboard.gov.bd)



স্মারক নং- ময়শিবো/প্রশা/০২/২৫/১৮/২০

তারিখ : ০৮/০২/২০২১খ্রিঃ

### বিশেষ বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহের অধ্যক্ষগণকে অবহিত করা যাচ্ছে যে, কোভিড-১৯ মহামারির কারণে ২০২০ সালের এইচএসসি পরীক্ষা স্থগিত ঘোষণা করা হয়। গত ০৭ অক্টোবর ২০২০ তারিখে মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয় পরীক্ষার ফরম পূরণকারী পরীক্ষার্থীদের এসএসসি/সমমান এবং জেএসসি/সমমান পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ২০২০ সালের এইচএসসি পরীক্ষার ফলাফল প্রকাশের ঘোষণা প্রদান করেন। তাই পরীক্ষার্থীদের উত্তরপত্র মূল্যায়ন বাবদ ধার্যকৃত অর্থ এবং ব্যবহারিক ও কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থের অব্যয়িত অংশ আন্তঃবোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক উপ-কমিটির ১৫৮ তম সভায় ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় এবং বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব কমিটির ৫২৯ তম সভায় অনুমোদিত হয়।

আন্তঃবোর্ডের সিদ্ধান্ত মোতাবেক ২০২০ সালের এইচএসসি ও সমমান পরীক্ষায় অংশগ্রহণের জন্য যে সকল পরীক্ষার্থী ফরম পূরণ করছিলেন তাদের প্রবেশ পত্রে উল্লিখিত প্রতিটি পত্রের জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত ফি হতে পত্র প্রতি (তত্ত্বীয়) ৩০.০০(ত্রিশ) টাকা করে এবং ব্যবহারিক বিষয়ের ক্ষেত্রে পত্র প্রতি আরও ১০.০০ (দশ) টাকা করে ফেরত প্রদান করা হবে। সেই লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবে এর অর্থ স্থানান্তরের জন্য প্রতিষ্ঠানের নামে খোলা সোনালী ব্যাংক লিঃ এর ব্যাংক হিসাব নম্বর, রাউটিং নম্বর, ব্যাংকের শাখার সঠিক নাম, প্রতিষ্ঠানের EIIN এর তথ্য আগামী ১৮/০২/২০২১ তারিখের মধ্যে জরুরীভাবে ওয়েবসাইটে প্রদত্ত ছকে ইনপুট দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, ইতোপূর্বে যে সকল প্রতিষ্ঠানের প্রতিষ্ঠান প্রধানগণ Institution account এ তথ্য প্রেরণ করেছেন তাদেরকে Edit option এ গিয়ে সোনালী ব্যাংকের রাউটিং নম্বর সহ ইনপুট আপডেট করার জন্য অনুরোধ করা হলো।

ওয়েবসাইটে প্রবেশের নির্দেশনা :

❖ ([www.mymensingheducationboard.govt.bd](http://www.mymensingheducationboard.govt.bd)) < eSIF < eSIFXI/eFF> EIIN  
>Password>Institution account এ প্রবেশ করে।


বোর্ড কর্তৃক ফেরতকৃত ফি এর অর্থ প্রকৃত পরীক্ষার্থীদের মধ্যে যথাযথভাবে ফেরত প্রদানে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানই দায়ী থাকবে।

প্রাপকঃ

অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান

অত্র বোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ে সকল  
প্রতিষ্ঠানসমূহ।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
08.02.2021

(প্রফেসর কিরীট কুমার দত্ত)

সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ময়মনসিংহ।

ফোনঃ ০৯১-৫৩৩৩৪ (অফিস),

Email: [secbisemym@gmail.com](mailto:secbisemym@gmail.com)